ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২০৯৭
শান্তিরবাজার, ২ আগস্ট, ২০২৫

**জোলাইবাড়ি কমিউনিটি হলে কৃষক সমাবেশ অনুষ্ঠিত**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উত্তর প্রদেশের বারানসি থেকে পিএম কিষাণ যোজনার ২০তম কিস্তির টাকা ভার্চুয়ালি কৃষকদের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি প্রদান করেন। এই উপলক্ষ্যে জোলাইবাড়ি কমিউনিটি হলে আজ কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে এক কৃষক সমাবেশের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচার করা হয়। জোলাইবাড়ি কৃষি মহকুমার ৪৮০০ জন কৃষক আজ পিএম কিষাণ যোজনার ২০তম কিস্তির টাকা সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে পেয়েছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা ফার্মার্স ক্লাবের সভাপতি প্রদীপ বরণ রায়, শান্তিরবাজর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, জোলাইবাড়ি বিএসি'র চেয়ারম্যান তাপস দত্ত, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সদস্য শম্ভু মানিক, দক্ষিণ ত্রিপুরা জেলা কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জয়দেব দত্ত, বিশিষ্ট সমাজসেবী দ্বিপায়ন চৌধুরী, বিশিষ্ট সমাজসেবী সুজিত দত্ত, বিশিষ্ট সমাজসেবী বিকাশ বৈদ্য, নেপাল দাস ও কেশব চৌধুরী সহ অন্যান্যরা।

*******